



তথ্যবিবরণী

নম্বর-২৪১

জাঁকজমকপূর্ণ ও আনন্দঘন পরিবেশে রাজশাহীতে উদ্বাপিত হবে পহেলা বৈশাখ

রাজশাহী; ২৯ চৈত্র (১২ এপ্রিল):

আগামী সোমবার পহেলা বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ। সারাদেশের ন্যায় সকলের অংশগ্রহণে সুষ্ঠু, সুন্দর, জাঁকজমকপূর্ণ ও আনন্দঘন পরিবেশে দিবসটি উদ্বাপন উপলক্ষ্যে রাজশাহী জেলা প্রশাসন বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে।

দিবসটি উপলক্ষ্যে ওইদিন সকাল সাতটায় রাজশাহী সিএন্ডবি মোড় হতে শিশু একাডেমি পর্যন্ত শোভাযাত্রা অনুষ্ঠিত হবে। সকাল সাড়ে সাতটায় শিশু একাডেমিতে জাতীয় সংগীত ও 'এসো হে বৈশাখ' গান পরিবেশন করা হবে। সকাল পৌনে আটটায় একই স্থানে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠানমালা এবং দিনব্যাপী বৈশাখী মেলা অনুষ্ঠিত হবে।

সুবিধাজনক সময়ে শিশু একাডেমিতে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ওইদিন রাজশাহী কেন্দ্রীয় কারাগার, সকল হাসপাতাল, শিশু পরিবার ও শিশু সদনে উন্নতমানের ঐতিহ্যবাহী বাংলা খাবার পরিবেশনের ব্যবস্থা করা হবে। শিশু পরিবারের শিশুদের নিয়ে ঐতিহ্যবাহী সাংস্কৃতিক অনুষ্ঠান এবং কারাবন্দীদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হবে।

সুবিধাজনক সময়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্ব স্ব ব্যবস্থাপনায় জাঁকজমকপূর্ণভাবে বাংলা নববর্ষ উদ্বাপন করা হবে।

দিবসটি উপলক্ষ্যে দিনব্যাপী বরেন্দ্র গবেষণা জাদুঘর ও রাজশাহী কেন্দ্রীয় উদ্যান শিশু-কিশোর, শিক্ষার্থী, প্রতিবন্ধী এবং বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য প্রবেশমূল্য ছাড়া দর্শনের জন্য উন্মুক্ত থাকবে।

.....

তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/রুহুল/২০২৫/১০.৪০ঘ.